গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
uforangunia@fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.১৫৭০.৫০১.২৭.০০১.২৩-১২৪ তারিখ: ২১.০৮.২০২৩খ্রি.

বিষয় : ২০২৩-২৪ অর্থ বছরে পোনামাছ অবমুক্তি ও বিতরণ কার্যক্রমে উপস্থিতি প্রসঙ্গে।

সুত্র : মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকার পত্র নং ৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.২৩.৯৮৪; তাং ১৭ জুলাই ২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের আওতায় চলতি অর্থ বছরে অভ্যন্তরীন জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি ও বিতরণ কার্যক্রম আগামী ২৪.০৮.২০২৩খ্রি. তারিখ সকাল ১০.০০ঘটিকায় উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হবে।

উক্ত পোনামাছ অবমুক্তি ও বিতরণ কার্যক্রমে উপজেলা জলাভূমি নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটির সদস্য হিসেবে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২১/০৮/২০২৩
মো: আবুল কালাম আজাদ
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
ও সদস্য সচিব
জলাশয় নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
২১/৮/২৩
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
uforanguniadof@gmail.com

০১। উপজেলা কৃষি কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।----------------সদস্য।
০২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।----------সদস্য।
০৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।----------সদস্য।
০৪। উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।--------------সদস্য।
০৫। জনাব--------------------------------------------------সদস্য।

পত্র নং-৩৩.০২.১৫৭০.৫০১.২৭.০০১.২৩-১২৪/১(০৪) তারিখ: ২১.০৮.২০২৩খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল-

০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
০২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
০৩। জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
০৬। দপ্তর নথি।

২১/০৮/২০২৩
মো: আবুল কালাম আজাদ
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
ও সদস্য সচিব
জলাশয় নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
২১/৮/২৩
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

## ২০২৩-২০২৪ অর্থ বছরে পোনামাছ অবমুক্তি কার্যক্রমের আওতায় জলাভূমি নির্বাচন ও পোনামাছ ক্রয় কমিটির সভার কার্যবিবরনী।

সভাপতি : আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ।
তারিখ : ১০.০৮.২০২৩খ্রি.।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় মৎস্য অধিদপ্তরের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে অভ্যন্তরীন জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তির লক্ষ্যে উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটির সদস্য সচিব উপজেলা মৎস্য কর্মকর্তাকে মৎস্য অধিদপ্তর থেকে প্রেরিত পোনামাছ অনমুক্তকরণ সংক্রান্ত নীতিমালা ও কর্মসূচী উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উক্ত খাতে অত্র উপজেলার অনুকূলে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন ঢাকার পত্র নং- ৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.২৩.৯৮৪; তাং ১৭ জুলাই ২০২৩খ্রি. এর আলোকে ১,৩০,০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায় এবং আগামী ২০ আগষ্ট'২০২৩ খ্রি. তারিখের মধ্যে পোনামাছ অবমুক্তকরনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। বিগত ২৩/০৭/২০২৩খ্রি. তারিখে উপজেলা মৎস্য দপ্তর, রাঙ্গুনিয়া, চট্টগ্রামের পত্র নং- ৩৩.০২.১৫৭০.৫০১.২৭.০০১.২৩-১০৭ মূলে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, পটিয়া, চট্টগ্রাম দপ্তরে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, পটিয়া, চট্টগ্রাম এর পত্র নং- ৩৩.০২.১৫৬১.৫০২.১৭.০০১.১৪.৫৪; তারিখ: ২৬/০৭/২০২৩খ্রি. মূলে পোনামাছ সরবরাহ করার মত পোনা বর্তমানে খামারে মজুদ নাই মর্মে পত্র প্রেরন করেন। যেহেতু সরকারি খামার পোনা সরবরাহ করতে পারবে না মর্মে পত্র প্রেরণ করেছে সেহেতু স্থানীয়ভাবে কোটেশান/দরপত্র আহবানের মাধ্যমে পোনামাছ ক্রয়ের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। পোনামাছ ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.১২৭.১৬.০০৬.২০.৭৮; তারিখ ৬ এপ্রিল'২০২৩খ্রি. মূলে "পোনামাছ অবমুক্তি নির্দেশিকা-২০২৩" মোতাবেক পোনামাছ ক্রয়ের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বৎসর অভ্যন্তরীন জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ের পোনামাছ অবমুক্তকরনের জন্য ২৭ জুলাই'২০২৩খি. তারিখের উপজেলা পরিষদ সমন্বয় সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত প্রতিটি ইউনিয়ন/পৌরসভা থেকে দ্রুত সময়ে প্রাতিষ্ঠানিক জলাশয় তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট মেয়র/ইউনিয়ন চেয়ারম্যারদের অনুরোধ করা হয়। তারই আলোকে সংশ্লিষ্ট মেয়র/চেয়ারম্যান/আশ্রয়ন প্রকল্পের পুকুর/সরকারী খাস পুকুরের প্রাপ্ত তালিকা অনুমোদন ও পোনামাছ অবমুক্তির পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য সভায় উপস্থাপন করা হয়।

সভায় বিস্তারিত আলাপ আলোচনা সাপেক্ষে নিম্লোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

সিদ্ধান্ত-০১: পোনামাছ সরবরাহের ক্ষেত্রে স্থানীয়ভাবে কোটেশান/দরপত্র আহবানের মাধ্যমে পোনামাছ সংগ্রহ করা।

সিদ্ধান্ত-০২: প্রতিটি ইউনিয়ন/পৌরসভা/আশ্রয়ন প্রকল্পের পুকুর/সরকারী খাস পুকুরের প্রাপ্ত জলাশয়ের তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত-০৩: পোনামাছ অবমুক্তির কার্যক্রম আগামী ২০আগষ্ট'২০২৩খ্রি. তারিখের মধ্যে অবমুক্তকরার ব্যাপারে নির্দেশনা নির্দেশনা থাকলেও প্রাকৃতিক দূর্যোগ/পাহাড়ী ঢল/বণ্যা এবং ইউনিয়ন/পৌরসভার বিভিন্ন জলাশয় প্লাবিত হওয়ায় পোনামাছ অবমুক্তি কার্যক্রমের সম্ভাব্য তারিখ আগামী ২৪.০৮.২০২৩খ্রি. নির্ধারণ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি

১। ড. হাছান মাহমুদ, এমপি ও মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধান উপদেষ্টা।
২। উপজেলা চেয়ারম্যান, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।--------------------------উপদেষ্টা।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম--------------উপদেষ্টা।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। ----উপদেষ্টা।
৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।---------------------উপদেষ্টা।
৬। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।---------------------সভাপতি।
৭। উপজেলা কৃষি অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।--------------------------সদস্য।
৮। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।--------------------সদস্য।
৯। উপজেলা সমাজসেবা অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।---------------------সদস্য।
১০। উপজেলা সমবায় অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।------------------------সদস্য।
১০। জনাব........................., সমাজসেবক। (ইউ.এন.ও কর্তৃক মনোনীত)--সদস্য।

পত্র নং- ৩৩.০২.১৫৭০.৫০১.২৬.০০৩.২৩.১১৬/১(৪) তারিখ: ১০.০৮.২০২৩খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :
১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
৩। জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম।
৪। দপ্তর নথি।

১০/০৮/২০২৩

মোঃ আবুল কালাম আজাদ
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
ও সদস্য সচিব
জলাভূমি নির্বাচন ও পোনা সংগ্রহ কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
uforangunia@fisheries.gov.bd

পত্র নং- ৩৩.০২.১৫৭০.৫০১.২৭.০০১.২৩.১২৩ তারিখ: ২০.০৮.২০২৩খ্রি.

বিষয় : পোনামাছ সরবরাহের কার্যাদেশ প্রদান প্রসঙ্গে।

সূত্র : ২০/০৮/২০২৩খ্রি. তারিখের পোনামাছ ক্রয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার দরপত্রের দরহার সর্বনিম্ন হওয়ায় তাহা কমিটির নিকট গৃহীত ও অনুমোদিত হয়। কমিটির সিদ্ধান্তক্রমে আপনাকে আগামী ২৪/০৮/২০২৩খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল-৮.০০ ঘটিকায় মোট ৩৪৩কেজি পোনা (রুই-১০৩কেজি, কাতলা-১৩৭কেজি, মৃগেল, কালিবাউস/ঘনিয়া-১০৩কেজি) অবমুক্তি কমিটির উপস্থিতিতে উপজেলা পরিষদ পুকুরে আলাদা আলাদা হাপায় সরবরাহপূর্বক পরবর্তীতিতে তা অক্সিজেন ব্যাগে নির্দিষ্ট হারে বিতরণের লক্ষ্যে আপনাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো।

**উল্লেখ্য থাকে যে, দরপত্রের অন্যান্য শর্তাবলী বলবৎ থাকবে।**

সংযুক্তি:
দরপত্র বিজ্ঞপ্তি -১ প্রস্থ।

২০/০৮/২০২৩
মোঃ আবুল কালাম আজাদ
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা)
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
uforanguniadof@gmail.com

**আকবর মৎস্য উন্নয়ন প্রকল্প**
প্রো: সোলতান উদ্দিন আকবর
লালানগর, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

পত্র নং-৩৩.০২.১৫৭০.৫০১.২৭.০০১.২৩.১২৩/১(১০) তারিখ: ২০.০৮.২০২৩খ্রি.

**সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:**
০১। জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম।
০২। উপজেলা চেয়ারম্যান ও উপদেষ্টা, উপজেলা কমিটি, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
০৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কমিটি, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৪-৭। উপজেলা প্রাণিসম্পদ/কৃষি/সমাজসেবা/সমবায় কর্মকর্তা, সদস্য, জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি।
০৮। দপ্তর নথি।

২০/০৮/২০২৩
মোঃ আবুল কালাম আজাদ
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা)
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।